

রাজীব ব্যানার্জী  
হাজীবে বনজী  
راجیب بنرجی  
Rajib Banerjee



ভারপ্রাপ্ত মন্ত্রী, বন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার  
प्रभायी मंत्री, वन विभाग, पश्चिम बंगाल सरकार  
وزیر انچارج جنگلا تی محکمہ (مغربی بنگال)  
Minister-in-Charge  
Forest Department, Govt. of West Bengal

বনমহোৎসব-২০২০

শুভেচ্ছা

বনমন্ত্রীর আবেদন

বিশ্বব্যাপী করোনা মহামারীর এই সংকটকালে দাঁড়িয়ে আজ পরিবেশ দূষণ, নির্বিচারে বন ধ্বংস, জলাভূমির সঙ্কোচন, বাস্তবিক বিনষ্ট হওয়া ও অপরিচালিত নগরায়নের কুফল অনুভূত হচ্ছে। আমাদের রাজ্য পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ অংশ আমফান ঘূর্ণিঝড়ের তান্ডব দীলায় বিদ্ধস্ত। দক্ষিণবঙ্গের বহু জায়গায় ঘূর্ণিঝড় নষ্ট করেছে মিশ্র সবুজের আশ্রয়ন। বিশ্ব উষ্ণায়ন জলবায়ু দূরত্ব পরিবর্তন, প্রলয় কারী প্রাকৃতিক দুর্যোগ এ সবাই প্রাকৃতির রোষানলের অশনি সংকেত। সুন্দর বনের লবণাস্থ/ম্যানগ্রোভ উদ্ভিদের জঙ্গল ঘূর্ণিঝড়ের প্রলয় থেকে বিস্তীর্ণ অঞ্চলকে রক্ষা করেছে। পরিচালিত সবুজায়ন ও জীব বৈচিত্রের সংরক্ষণই পারে প্রাকৃতিক বিপর্যয়কে প্রতিরোধ করতে।

পশ্চিমবঙ্গ আয়তন অনুসারে ভারতের একটি মাঝারি মাপের অঙ্গ রাজ্য কিন্তু প্রাকৃতিক বৈচিত্রে অত্যন্ত সমৃদ্ধ। উত্তরের পার্বত্য নাতিশীতোষ্ণ বনাঞ্চল থেকে শুরু করে সুদূর দক্ষিণের বাদাবন, মধ্যে গ্রীষ্মপ্রধান বৃষ্টিময় চিত্রহরিৎ বনভূমি ও শুষ্ক পর্ণমোচী বনভূমি পশ্চিমবঙ্গকে জীববৈচিত্র্যের গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে গড়ে তুলেছে। আনন্দের সঙ্গে জানাই, পশ্চিমবঙ্গে বন আচ্ছাদনের পরিমাণ বর্তমানে বৃদ্ধি পেয়েছে। এই সাফল্য সম্ভব হয়েছে সমাজভিত্তিক বনসৃজন কর্মসূচীতে জনগনের সক্রিয় অংশ গ্রহণ, যৌথ বন পরিচালন ব্যবস্থার মাধ্যমে ক্ষয়প্রাপ্ত বনাঞ্চলের পুনরুদ্ধার এবং 'সবুজশ্রী'-র মত সামাজিক সবুজায়ন প্রকল্পের সাফল্যের কারণে।

মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সাফল্য আরও এগিয়ে নিলে যেতে এবং আমফান পরবর্তী সবুজায়নের লক্ষ্যে রাজ্যব্যাপী ৮.৫ কোটি বৃক্ষ রোপণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে তার মধ্যে সুন্দরবনে রোপণ করা হচ্ছে ৫ কোটি ম্যানগ্রোভ, রাজ্যের অন্য জায়গায় করা হচ্ছে আরো ৩.৫ কোটি বনসৃজন। জনমানসে বৃক্ষরোপণের সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে বনবিভাগের পক্ষ থেকে আগামী ১৪ ই জুলাই রাজ্যব্যাপী বনমহোৎসব - ২০২০ পালিত হবে। সেই উপলক্ষ্যে রাজ্যজুড়ে সাড়ম্বরে পালিত হবে বৃক্ষরোপণ উৎসব।

এই "সবুজ আবাহন" উৎসবে সবাই এগিয়ে আসবেন এবং হাতে হাত মিলিয়ে সবুজায়নের এই মহাযজ্ঞে সামিল হবেন, এই আশা রাখছি।

(রাজীব ব্যানার্জী)

বনমন্ত্রী

পশ্চিমবঙ্গ সরকার